

প্রকাশ : ২ ডিসেম্বর, ২০১৭ ১৬:৩৮
আপডেট : ২ ডিসেম্বর, ২০১৭ ১৮:১২

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

আনিসুল হকের জানাজা সম্পন্ন

অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের জানাজা সম্পন্ন হয়েছে। রাজধানীর আর্মি স্টেডিয়ামে শনিবার বিকেল সোয়া ৪টায় তার জানাজা সম্পন্ন হয়।

এদিকে মেয়র আনিসুল হকের জানাজায় অংশ নিতে সেখানে আগে থেকেই অপেক্ষা করছিলেন সবস্তরের মানুষ। এরপর তার মরদেহ বনানী কবরস্থানে দাফন করা হবে।

এর আগে মরদেহ আর্মি স্টেডিয়ামে নেয়ার পর রাষ্ট্রপতি অ্যাডভোকেট আবদুল হামিদের পক্ষ থেকে প্রথম শ্রদ্ধা জানানো হয়। এরপর ধীরে ধীরে সবস্তরের মানুষ তার মরদেহে শ্রদ্ধা জানান।

এর আগে শনিবার দুপুর ১টা ১০ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায় আনিসুল হকের মরদেহ। বিমানবন্দর থেকে তার মরদেহ নেয়া হয় বনানীর বাসায়। সেখানে তার শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনের শেষ শ্রদ্ধা জানান।

এসময় তার প্রতি শেষ শ্রদ্ধা জানাতে বনানীর বাসভবনে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আনিসুল হকের পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান তিনি। আত্মার শান্তি কামনায় বিশেষ মোনাজাত করেন প্রধানমন্ত্রী।

পরবর্তীতে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরীর নেতৃত্বে বিএনপির একটি প্রতিনিধি দল আনিসুল হকের পরিবারের প্রতি সমবেদনা জানাতে যান।

বিডি প্রতিদিন/০২ ডিসেম্বর ২০১৭/আরাফাত